গত ৭ জুন ২০২১ ভোরবেলায় মহাখালীতে ৭ তলা নামক বস্তিতে আগুন লেগে প্রায় ১০০ কাঁচা ঘরবাড়ি পুড়ে ছাই হয়ে যায়। ঢাকা শহরে এটা এখন যেন স্বাভাবিক ব্যাপার। কয়েকমাস পর পরই কোন না কোন বস্তিতে আগুন লেগে সব পুড়ে ছাই হয়ে যাচ্ছে। গত ১৮ আগস্ট ২০১৯ ঢাকার চলন্তিকা বস্তি, ১১ মার্চ ২০২০ মিরপুর রূপনগর বস্তি, ২১ এপ্রিল ২০২১ উত্তরা বালুরমাঠ বস্তি এরকম আরও অনেক উদাহরণ দেয়া যাবে। এর মধ্যে একটু ব্যতিক্রম হল ৬ সেপ্টেম্বর ২০২০ তে নারায়নগঞ্জে মসজিদে ঘটে যাওয়া ভয়াবহ ও মর্মান্তিক অগ্নিকাণ্ড, যেখানে শিশুসহ প্রায় ২৫ জন মারা যায় এবং আরও অনেকে আহত হয়। এই সব অগ্নিকাণ্ডের সূত্রপাত হিসাবে আমরা বরাবরই হয় চুলা বা শর্টসার্কিটকে দায়ী করে আসছি কিন্তু একটা বিষয় খুব স্পষ্ট, এসব অগ্নিকাণ্ড সূত্রপাত হওয়ার সাথে সাথে আগুন খুব দ্রুততার সাথে চারিদিকে ছড়িয়ে পড়ে এবং নিমিষেই সব পুড়ে ছাই হয়ে যায়, যার জন্য অনেক ক্ষেত্রে মানুষের মৃত্যুর কারণও হয়। হয়তো চুলা বা শর্টসার্কিটের মাধ্যমে আগুনের সূত্রপাত হয় ঠিকই কিন্তু দ্রুততার সাথে চারিদিকে ছড়িয়ে সব পুড়ে ছাই হওয়ার পিছনে অন্য কোন কারণ থাকতে পারে তা আমরা কখনো ভেবে দেখিনি।

ঢাকা শহরে এখন প্রায় ২ কোটি লোকের বসবাস, এর মধ্যে প্রায় ৩০-৩৫ শতাংশ লোক বস্তি বা কাঁচা ঘরবাড়িতে বসবাস করে। এই ২ কোটি লোক প্রতিদিন আনুমানিক ০.৫০ কেজি হিসাবে ১ কোটি কেজি তথা ১০,০০০ টন গৃহস্থলি বর্জ্য উৎপন্ন করে যার মধ্যে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশন দৈনিক ৪০০০-৪৫০০ টন গৃহস্থলি বর্জ্য সংগ্রহ করে তা আমিনবাজার ও মাতুয়াইলে ফেলে, বাকি সব বর্জ্য বিক্ষিপ্তভাবে শহরের বিভিন্ন জায়গায়, এদিকে সেদিকে, জলাশয় আর নিচু জমিতে ফেলা হয়। অন্যদিকে, এইভাবে ভরাটকৃত

জমিতে ফেলা হয়। অন্যদিকে, এইভাবে ভরাটকৃত জমিতে বা অনেক সময় সরাসরি গৃহস্থলি বর্জ্য দ্বারা ভরাটকৃত স্থানে ঢাকা শহরের বস্তি গুলি গড়ে উঠে।

বৈজ্ঞানিক বিশেষণে দেখা যায়, সাধারণত কোন জায়গায় স্ফুপকৃতভাবে গৃহস্থলি বর্জ্য নিক্ষেপ করলে তা থেকে ৭-১০ দিন পর থেকে নানা রকমের গ্যাস নির্গত হতে থাকে যাকে ল্যান্ডফিল গ্যাস বলা হয়। এর মধ্যে ৯০-৯৮% ভাগই হচ্ছে কার্বন-ডাই-অক্সাইড ও মিথেন। প্রাকৃতিক গ্যাসেও ৮৫-৯৫% পর্যন্ত মিথেন থাকে। মিথেন হচ্ছে বর্ণ ও গন্ধহীন মারাত্মক দাহ্য গ্যাস যা তুলনামূলকভাবে অক্সিজেনের চাইতে হালকা এবং বদ্ধস্থানে এই গ্যাস অক্সিজেনকে হটিয়ে স্থান দখল করে নেয়। এছাড়াও নাইট্রোজেন, হাইড্রোজেন সালফাইড, অ্যামোনিয়া ইত্যাদি গ্যাসও বর্জ্যস্থল থেকে বের হয়, আর এর ব্যাপ্তিকাল ক্ষেত্র বিশেষে ৩০-৫০ বছর পর্যন্ত হয়ে থাকে। এর মধ্যে মিথেনের কার্যকারিতা জনস্বাস্থ্যের জন্য ভয়াবহ হতে পারে। এজন্য বর্জ্য দিয়ে ভরাটকৃত স্থানে দালান বা স্থাপনা নির্মাণ করলে মেঝেতে যে কোন ফাঁকফোকর দিয়ে মিথেন গ্যাস ঘরের ভিতর জমা হতে থাকে।

নারায়নগঞ্জের মসজিদের খেত্রে হয়তো এমনটা হয়ে থাকতে পারে বা কোন গ্যাস লাইনের ফাটল থেকে মিথেন গ্যাস পুঞ্জীভূত হয়ে মসজিদের ভিতরে জমা হতে পারে। বিভিন্ন পত্রপত্রিকার ছবিতে পরিষ্কার দেখা গেছে যে, আগুনে মসজিদের ফেন ও এয়ার কন্ডিশনার গুলি পুড়ে গলে গেছে আর ওই মসজিদে জানালার ওপরে ছাদের নীচে কোন ভেন্টিলেটর নাই, এ থেকে সহজে বুঝা যায় ওখানে মিথেন গ্যাস জমা হয়ে ছিল আর যে কোন কারণে আগুন লাগার সাথে সাথে নিমিষে আগুন ছড়িয়ে পড়ে এবং ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। অপরদিকে





Photo Credit @ Dr. Nasir Khan

বস্তুগুলো যেহেতু বর্জ্যস্থলের উপরই তৈরি হয়, সেখানে মিথেন জমে থাকার ব্যাপার নাই তদুপরি সারাক্ষণ মিথেন নির্গত হতে থাকে তাই বস্তুগুলিতে আগুন লাগলে তা নিমিষেই চারিদিকে ছড়িয়ে পড়ে। শুধু বর্জ্যস্থলের উপর নির্মিত স্থাপনাই যে মিথেন গ্যাস দ্বারা ক্ষতিগ্রস্ত হবে তা নয়, সাধারণত এসব বর্জ্যস্থলের আশেপাশের ২-৩ কিলোমিটার পর্যন্ত মিথেন গ্যাসের ব্যাপ্তি হতে পারে তাই, আরও মারাত্মক বিপর্যয়ের আগেই সবাইকে সচেতন হওয়া জরুরী।

ইউরোপের বর্জ্যস্থল গুলিতে (সেনিটারি ল্যান্ডফিল) বর্জ্য ফেলা বন্ধ হওয়ার পর থেকে ২৫-৩০ বছর পর্যন্ত ওই স্থানে স্থাপনা করা দূরে থাক, ওখানে সাধারণের যাতায়াত ও সম্পূর্ণ নিষিদ্ধ থাকে। আর ল্যান্ডফিল গুলি এমনভাবে ডিজাইন করা হয়, যেন উৎপন্ন মিথেন গ্যাস পাইপের মাধ্যমে সংগ্রহ করা যায় আর নীচে অবিচ্ছেদ্য স্তর দেয়া হয়, যাতে বর্জ্য থেকে উৎপন্ন দূষিত তরল (লিসেট) দ্বারা ভূগর্ভস্থ পানি দূষিত না হয়। একটা বিষয় খেয়াল করা জরুরী, তা হলো বর্জ্যস্থল থেকে উৎপন্ন গ্যাস শুধু আগুনের জন্য বিপদজনক তা নয়, বর্জ্যস্থলের আশেপাশে কয়েক কিলোমিটার পর্যন্ত এই গ্যাস মানবদেহে বিভিন্ন মারাত্মক রোগব্যাধির সৃষ্টি করতে পারে, যেমন হাঁপানি, অনিদ্রা, ডায়রিয়া, টাইফয়েড এমনকি ক্যান্সারের মতো জীবনহরণকারী রোগও।

গত ৮ এপ্রিল ২০২১ সাউথ চায়না মর্নিং পোস্টের খবরে, প্যারিস ভিত্তিক কোম্পানি কেরোস সাস এর সেটেলাইট পর্যবেক্ষণে বাংলাদেশের উপরে মিথেন নির্গমন

আশঙ্কাজনক ভাবে বৃদ্ধি পেয়েছে বলে রিপোর্ট এসেছে। আমাদের জ্ঞানী বিজ্ঞানীরা এ আশঙ্কার কথা তেমন গুরুত্ব দিয়ে বিবেচনা করেছেন তা এখন পর্যন্ত দৃশ্যমান নয়, তবে এই মিথেন নির্গমন যে প্রতিদিন হাজার হাজার টন গৃহস্থালি বর্জ্য অনিয়ন্ত্রিত ও অবৈজ্ঞানিকভাবে নিষ্ক্ষেপ করার কারণেও হতে পারে এ বিষয়ে কাউকে বলতে শুনায় নি। যদিও অন্যান্য আরও অনেক মাধ্যম থেকে মিথেন নির্গত হতে পারে তবে গৃহস্থালি বর্জ্যও যে একটা প্রধান কারন তা আমাদের ভালভাবে গুরুত্ব দেয়ার সময় এসেছে। ১৮ কোটি মানুষের ছোট্ট এই দেশে দৈনিক আনুমানিক ৯ কোটি কেজি তথা ৯০০০০ টন গৃহস্থালি বর্জ্য যত্রতত্রভাবে নিষ্ক্ষিপ্ত করা হচ্ছে, যা থেকে দৈনিক হাজার হাজার টন মিথেন এবং অন্যান্য বিপদজনক গ্যাস তৈরি হচ্ছে তা গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে যথাযথ পদ্ধতিতে দেশের গৃহস্থালি বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করা প্রয়োজন। যথাযথ পদ্ধতিতে গৃহস্থালি বর্জ্য ব্যবস্থাপনা করলে শুধু মিথেন গ্যাস নিয়ন্ত্রণ হবে তা না, বরং দেশবাসী পরিচ্ছন্ন ও স্বাস্থ্যসম্মত নগর পাবে, জলাবদ্ধতা নিরসন, ভূগর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ পানির দূষণ নিয়ন্ত্রণ, পানি বাহিত রোগ নিয়ন্ত্রণ তথা ব্যাপক জনস্বাস্থ্যের উন্নয়ন হবে।

# Implementing Mass Rapid Transit (MRT) to Ensure Environmental Sustainability in Dhaka City







## Md. Rakib Hasan Sarker

Dhaka, the capital of Bangladesh, is heavily reliant on road transportation, with cars, buses, auto and manual rickshaws, and other modes of transportation coexisting. This causes severe traffic congestion, in addition to the health risks associated with traffic pollution, including air pollution. Environmental concerns are having a significant impact on transportation planning all over the world. Adding an innovative dimension to transportation policy can be achieved by combining a sustainable and efficient transport system with improved non-motorized transportation and a low-carbon transport policy. The Government of Bangladesh, with the assistance of the Japan International Cooperation Agency (JICA), has embarked on a project to build a Mass Rapid Transit (MRT) system in Dhaka, with a goal of alleviating traffic congestion and improving air quality. The government plans to build six Metrorail lines in Dhaka and its surrounding areas, totaling 128.741 km (67.569 km elevated and 61.172 km underground). After the completion of the Metrorail lines, a total of 5.04 million passengers will be able to commute by Metrorail everyday by 2030. "Moving people, saving time and environment" is the mission of Dhaka MRT.

Air, water, and noise pollution, especially in urban areas, is a major environmental concern that affects the health and well-being of millions of people in Dhaka. Automobiles are a substantial source of air pollution. According to a review of the emissions inventory, diesel vehicles account for nearly 80% of all air pollution. The proposed MRT will run entirely on electricity rather than diesel, reducing traffic congestion and increasing

vehicle mobility efficiency along the MRT route. As a result, the increase in air pollution in Dhaka city should be reduced, which would be beneficial. However, a lot of people will prefer to go by metro rail over other modes of transportation. As a result, air pollution will reduce after the MRT is completed. People in Dhaka are becoming increasingly concerned about the city's noise pollution, which has reached an unacceptable level. The traffic noise in Dhaka mostly comes from vehicle horns and movements. The proposed MRT is a low-noise, low-vibration electric mechanical system.

The noise generated by underground traffic will not be audible from the surface due to the fact that the MRT's route will be underground for the majority of its length. In the viaduct section, a sound barrier will be constructed to limit the impact of noise generation. On the other hand, no hazardous waste is expected to be produced during the MRT's operation. Sewage and effluent treatment plants have been proposed for the Metrorail depot area to clean the water before it is discharged into the municipal drainage system or a neighboring water body, ensuring the safety of water supplies.

During train maintenance and repair activities, oil or lubricants may leak into the depot area, but the MRT will install an oil separator system in the maintenance area, as well as concrete flooring that will allow drainage and wastewater to be properly treated. Therefore, after the implementation of mitigating measures, there is virtually no risk that this waste will reach the aquifer.

On the other hand, rainwater will be collected in Dhaka's MRT depots for all lines. Harvesting rainwater from rooftops is a cost-effective way to obtain high-quality water at the point of use.

Bangladesh is a natural disaster-prone country with one of the world's largest deltas that is hit by various natural inversions almost every year as a result of global warming and climate change. Through the use of renewable energy, MRT will significantly contribute in slowing down climate change. Several initiatives will be implemented at MRT as part of the Clean Development Mechanism to demonstrate lower CO<sub>2</sub> emissions from MRT's activities as well as cost-saving alternatives. There are multiple service lines for the Dhaka MRT's electric-powered mass rapid transit system, which uses six-car or eight-car rolling stock. A three-phase AC traction motor will be installed in each vehicle, along with the system for recuperative braking. The MRT's trains can 'produce' electricity when they brake because they use regenerative braking technology. This power is transferred back into the system and used to run other trains as well as emergencies. Solar power will also be incorporated into the MRT system. Solar panels will be installed above the stabling yard in the MRT depot at the beginning of the project, and following a successful trial period, solar power systems will be installed in metro stations, parking lots, RSS, and colonies. It will replace a share of the electricity generated by the bulk of fossil-fuel-fired

power plants. When comparing conventional means of transportation to the metro, emission reductions are obtained by reducing GHGs emissions per passenger-kilometer.

In Bangladesh, traffic jams are one of the major problems. As a result of increased traffic congestion, insufficient parking, population growth, and longer journey times, road users are always under additional stress. People in this megacity spend an average of 2.20 hours in traffic, 1.15 of which is due to traffic congestion. The Metrorail project will reduce road traffic and encourage people to avoid driving in favor of the planned rail system. As a result, traffic congestion during the MRT operation period will be decreased. The MRT can also save money for the country's economy because driving costs us a lot of money. According to experts, traffic congestion and its consequences cost our country approximately 3.8 billion dollars each year. In the context of the project, the metro complements other modes of transportation and partially replaces trips taken by conventional modes of transit. Therefore, MRT is a more efficient, faster, safer, and reliable mode of transportation, which may assist our country in maintaining a healthy environmental condition.







# **The Environmental Benefits of Rooftop Farming in Urban Areas**

Tanver Hossain

Rooftop farming is a popular and growing topic in both the media and the scientific literature, and it offers a real way to address some of the issues that come with urban development around the world. Rooftop farming is the cultivation of artificially created green spaces on the upper levels of industrial, commercial, and residential structures. They could be growing vegetables, providing play space, providing a shed and cover, or simply serving as a live, green place. Rooftop farming is an entirely organic method of farming. This means it often has no pesticides or insecticides that would normally be found in trace amounts in traditionally farmed produce. Vegetable and fruit picked at just the right time and delivered “fresh” with reduced transport distance & time.

The cultivation practices of rooftop farming are more influenced by conventional technology. The utilization of soil in deserted pots, tubes, or drilled utensils is common. Often, dirt pots and plastic packs are additionally utilized. The verdant vegetables can be seen in the two pots and beds as well. Today’s roof gardens are classified into three main types, depending on their features and purpose: a) the extensive green roof is a low-maintenance green roof garden that has a thin, lightweight growing medium that has a depth of around 2 to 5 inches. b) The intensive green roof is more of a rooftop garden or sky park than anything else. This roof garden design is characterized by deep soils that have a growing medium depth range of 6 to 12 inches. c) A hydroponic rooftop garden is one in which vegetables are grown without the use of soil. Instead, crops are cultivated in water with nutritional minerals in the solution that are carefully managed. This type of rooftop agriculture is the lightest of all rooftop gardens, and it may be planted on top of structures with structural issues. Right now tomatoes, coriander, onions, garlic, eggplant, peas, verdant vegetables, cabbages, cauliflower, okra, and gourds are the prevailing vegetables covering the nurseries.

A few plants of citrus, lime, mint, and beans are additionally seen. The turn of vegetables is rehearsed in the nurseries as per seasons. However, offseason practice isn’t being embraced. The winter vegetables like brinjal, cabbage, cauliflower, tomatoes are seen more in the nursery in the winter season and the late spring crops incorporate gourds. Lime and citrus are additionally filled in predominant structure. The creation of tomatoes, brinjal, cabbage, and numerous different vegetables are palatable and satisfactory enough to fill the plates and stomachs of families.

In general, rooftop farming can provide solutions to increased food demand and also can promote a sustainable and livable city. Some of the more advantageous features of green roofs are discussed below:

- a) Green roofs (rooftop farming) are known for their biological carbon sequestration, which makes the planted rooftop a carbon sink. Green roofs also provide insulation for a building and reduce its overall energy demand and consumption in terms of heating and cooling. Reduced energy use lowers greenhouse gas emissions and operating expenses.
- b) Rooftop farming can reduce the urban heat island effect. The urban heat island effect is the elevated temperature (~ 2 to 4 degrees Celsius) within cities or other urban areas compared with surrounding rural areas caused by non-reflective surfaces that store incoming infrared radiation, ultimately storing heat.
- c) A vegetated rooftop gives living spaces to birds and creepy crawlies which increments biodiversity inside an urban area. The garden can give food, living space, cover, settling openings, and a safe resting place for insects, scarabs, butterflies, birds, and other spineless creatures .
- d) Vegetated rooftops are a decent instrument for stormwater management. A green rooftop with 10 centimeters of developing media can assimilate around 66% of the precipitation.



The stormwater runoff can decrease from 50 to 100%, contingent upon the introduced green material framework and explicit boundaries and conditions.

e) Green foundation expands the property estimation just as builds the attractiveness of neighboring land. Along these lines, rooftop cultivating favors both to the proprietor and environmental elements. The green rooftop on the structure expands the property estimation by 7% in case it is useful and by 11% in case it is sporting.

f) Organic produce is especially expensive all over the world. At rooftop gardens, you can grow your own vegetables for free and enjoy the health benefits of chemical-free vegetables.

Roof gardens cut into the water supply, posing a concern for buildings that require a lot of water for routine upkeep. Because soil is a somewhat heavy substance, most roofs require supports before gardens can be planted securely on them. During certain seasons, roofs that are often exposed to severe winds may lose a considerable number of plants and seedlings.

There is a developing interest in the use of urban roofs as regions for food creation. At present, urban agrarian exercises on housetops are negligible however could turn into a significant piece of future food creation in urban communities. Regardless of various limits to current executions of green rooftops for vegetable creation, these frameworks will progressively turn out to be more significant as urban buyers become more inspired by neighborhood food varieties for their families. The development of food on structures is a vital part to making urban areas multi-practical and adding to their manageability and livability. In any case, green rooftops are not the all-out answer for giving food security to urban areas, yet they ought to be seen as an enhancement to different wellsprings of food creation, just as the job that they can play in arranging future urban farming frameworks. This overall development will keep on thriving in the years to come, and no doubt become a significant piece of future urban rural frameworks.



Photo Credit @ F M Ashrafal Alam



# Plastic Waste is a Big Threat to Bangladesh

Nadira Islam

Plastic is a type of material that is easy to make, easy to find, and significantly less expensive. Plastic waste is being produced in a simpler way than that. We are always avoiding this issue in our conscious or sub-conscious minds. According to International Union for Conservation of Nature (IUCN) study in November 2021, at least 14 million tons of plastic ends up in the ocean every year, and plastic makes up 80% of all marine debris found from surface waters to deep-sea sediments. "Nardol" is a type of plastic that is used to make plastic products or cargo sheets. According to recent statistics, over 5 trillion plastics float in seawater. The oceans are littered with more plastic than there are stars in our Milky Way Galaxy. The situation

in Bangladesh is also under serious threat in the management of plastic products and waste. From house to house, and shops to tourist spots, there are no exceptions to the spread of plastic waste. There is a lack of public awareness or enforcement of law regarding proper management of plastic waste. A review report, titled 'Impact of Plastic Pollution in Aquatic Environment in Bangladesh: An Assessment, reviewed 24 research reports published from 2006 to 2019, and found that many countries do not have the same amount of plastic waste generated in a month as Bangladesh daily. Almost four to five thousand tonnes of waste are generated every day in Bangladesh, and 17% of it is plastic-like waste. Dhaka alone produces



more than 124 tonnes of plastic waste every day. Most of this waste is thrown directly into the water, roads drain, and low ground, and when it enters the food chain, it poses serious health risks to other animals.

In the cases of terrestrial and aquatic animals, Plastic is found in the stomachs of most marine animals. In addition to larger marine species, plastic has also been found in the stomachs of small marine fish. Hence, plastic pollution is a threat to marine fisheries. According to the book “Introduction to Marine Biology”, plastic pollution is the “single greatest threat” to marine animals. Not only marine fish but also seabirds are dying as a result of plastic pollution. Birds consume plastic as they cannot compare it with fish floating in the sea. According to a study conducted in 2004, marine gills (respiratory organs of aquatic organisms) contain equal to 30 gm volumes of plastic in their stomachs. According to the researchers, the chemicals carried by these plastic particles harm human fertility and increase the chances of genetic changes and cancer in humans. Human immunity has been weakened. Plastic is blamed for a variety of complex diseases, including allergies, asthma, skin diseases, kidney disease, excessive hormone secretion by the thyroid, and cancer.

According to a report of the World Bank, annual per capita plastic consumption in Bangladesh is about 9kg in 2020 whereas it was 3 kg in 2005. Plastic waste was 6.3 billion tonnes in 2015 and is expected to reach 12 billion tonnes by 2050. Unscrupulous traders manufacture polybags for higher profits by using substandard chemicals and harmful metallic extracts such as cadmium, lead, titanium, phthalate, chromium, nickel, copper, etc. In Bangladesh, plastic is more commonly used for household and commercial purposes, including cosmetics. Urban areas produce 8.5 lakh tonnes of abandoned plastic polythene annually. Due to human ignorance, aban-

doned polythene ends up in ponds, drains, canals, rivers, and drains.

According to research, plastic mismanagement is one of the causes of 80% water logging in various urban areas, including Dhaka. Heavy monsoon rains obstruct the flow of continuous water due to abandoned polybags, plastic bags, bottles trapped in the pipes and drains. Since Bangladesh is a riverine country, tons of plastics are coming into the trap of fishermen in the rivers, which may lead to a great disaster for the environment and the aquatic biota.

Bangladesh is the first country in the world to ban the use of plastic bags to prevent environmental pollution and completely prohibit the use of stocks for distribution and commercial purposes. However, implementation has been largely ineffective, as expected. Recently, the Department of Environment of Bangladesh has adopted a strategy to reuse or recycle abandoned plastic. According to experts, the work of renewing abandoned plastic is very difficult and risky. Contaminants can enter the body from plastic collected for this purpose. Again, there is a possibility of pollution in reuse. Toxic gases like nitrobenzene are produced during melting. On the other hand, burning plastic produces a variety of toxic organic and inorganic gases. At this time, deadly gaseous compounds like environmentally polluting Carbon-di-oxide, hydrogen chloride, CFC(chlorofluorocarbons), CDF (chlorinated dibenzodioxin), CDD (chlorinated dibenzofuran), etc. are released in large quantities. None of these is enough to cause cancer in the human body.

Most recently, bio-plastics have been discovered as alternatives to synthetic plastics. Jane Yu, a scientist at the Hawaii Natural Energy Institute in Honolulu, has developed suitable organic plastics that can be blended into the soil and environment. In addition, with the help of gene technology, a plant has been cre-



ated that provides a special type of polymer. The importance of the technical management of plastic waste is immense to get rid of plastic pollution in the digital age. The government has already adopted the 'Tri-R' (Reduce, Re-use, and Recycle) waste management strategy at the national level, with various tasks to complete to meet the SDG target. But, it is high time to change the system to a 5R or 7R strategy for waste management.

However, it is a matter of pride that, following Bangladesh's lead, other countries around the world have also recently taken initiatives to ban plastic bags. The European Union decided to ban plastic straws, spoons, knives, and cotton buds by 2021. They also agreed that member states will have to achieve a 90% collection target for plastic bottles by 2029, and plastic bottles will have to contain at least 25% of recycled content by 2025 and 30% by 2030. Many international organizations have now been set up to make plastic pollution-free. They have already started efforts to make the world plastic-free through their program. People need to change their minds about plastic use. Additionally, plastic manufacturing institutions in Bangladesh should be discouraged from using plastic; proper laws should be implemented, and the public should be educated. Let us think about the future for our own good and work together to build a beautiful Bangladesh where we can all live.




Photo Credit @ Rifat Nasrullah

# শালবনের কাহ্না

## রায়হান শরীফ

Photo Credit @ Nadira Islam

পিকনিকের স্থান নির্ধারণ করা হয়েছে শালবনে। বনের ভেতর গিয়ে সত্যিকারের বনভোজন হবে। ছেলেমেয়ে মিলিয়ে মোট পনেরজন ওরা। সবাই ভার্শিটিতে পড়ে। তারমধ্যে পাঁচজন- আনিস, রাতুল, শ্যামল, বীথি আর তন্দ্ৰা পড়ে বুটেনে। কলেজ জীবন থেকেই ওদের বন্ধুত্ব। বিদেশে থাকা পাঁচ বন্ধু দেশে আসায় এই পিকনিকের আয়োজন।

দুটো মাইক্রোবাস ভাড়া করা হয়েছে। নির্দিষ্ট দিনে খুব সকালে তারা রওয়ানা দেয় শালবনের উদ্দেশ্যে। ফেব্রুয়ারী মাসের শেষের দিক। শীতের তীব্রতা অনেকটা কম। সবার চোখে মুখে আনন্দ। অনেকদিন পর বন্ধুরা আবার এক হয়েছে। মেয়েরা সবাই আজ শাড়ি পরেছে। বীথি পরেছে নীল রঙের সিল্কের শাড়ি। তাকে নীল রঙের শাড়িতে বেশ মানিয়েছে। এ নিয়ে বন্ধুবান্ধবীরা বীথিকে খুব জ্বালাতন করছে।

যেতে যেতে আনিসের মন অতীতে হারিয়ে যায়। ছোটবেলায় সে তার বাবার সাথে প্রথম পিকনিকে গিয়েছিল মধুপুরের গড়ে। সে তখন ক্লাস ফোর অথ বা ফাইভে পড়ে। তার বাবা মিনহাজ সাহেব তখন আনন্দমোহন কলেজের অর্থনীতি বিভাগের শিক্ষক।

বিভাগ থেকে মধুপুরের গড়ে পিকনিকের আয়োজন করা হয়েছিল। আনিসের স্পষ্ট মনে আছে, টাউন-হল আর মুমিনুনিড়বসা কলেজের সামনে দিয়ে বাস চলছিল। বনের ভেতর কোনো প্রাণী দেখতে না পেয়ে আনিস প্রশ্ন করেছিল, বাবা, এত বড় বনে একটাও প্রাণী নেই কেন?

তার বাবা উত্তর দিয়েছিল, একসময় ছিল বাবা। তখন খুব গহীন ছিল শালবন। বাঘ, হরিণ আরও অনেক প্রাণীর বাস ছিল এ বনে। গাছের ডালে দলে দলে হনুমান, বানর, বনমুরগি এবং আরও নানাজাতের পাখি দেখা যেত। মানুষের কারণে সব বিলুপ্ত হয়ে গেছে। দেখিস না বনের গাছ কেটে কেটে কিভাবে ফসলের জমি করা হচ্ছে। এভাবে চলতে থাকলে পুরো বনটাই একসময় ধ্বংস হয়ে যাবে।

কথাগুলো বলে তার বাবা একটা দীর্ঘশ্বাস ফেলেছিলেন।

সকাল দশটার মধ্যেই পূর্ব নির্ধারিত পিকনিক স্পটে এসে সবগুলো বাস থামল। সবাই হুড়মুড় করে নেমে গেল। বাবুচিঁরা রান্নাবান্নার সরঞ্জাম নামিয়ে রান্নাবান্নার



আয়োজন করতে লেগে গেল। রান্নাবান্নার হতে আড়াই থেকে তিন ঘণ্টা লাগবে। এ সময়টা সবাই যার যার মত বনের ভেতর ঘুরতে বের হলো। বনের ভেতর ঘুরে আনিসের মনটা ভীষণ খারাপ হয়ে যায়। শালবনের ভেতরে জায়গায় জায়গায় বন কেটে ফসলের জমি করা হয়েছে। আসবার সময়ও তার চোখে পড়েছে বন ধ্বংস করে জনবসতি গড়ে ওঠেছে, চাষাবাদ হচ্ছে আর মিল ফ্যাক্টরিও হচ্ছে। বনের যেন কোনো শ্রী নেই। কোনো প্রাণী তার চোখে পড়ল না। এমনকি একটি বন-মুরগীও না। সে হতাশ হয়। মানুষের অবাধ বিচরণ আর সরকারের উদাসীনতায় হাজার হাজার বছরের পুরনো একটি বনাঞ্চল কিভাবে ধ্বংস হয় শালবন তার প্রমাণ।

একটু দূরে একটি নদী দেখা যায়। আনিস হাঁটতে হাঁটতে নদীর ধারে যায়। ছোট নদী, একটা খালের মত। পানি নেই বললেই চলে। বনের ভেতর দিয়ে বয়ে চলেছে কোনো মতে। একসময় হয়ত যৌবনা ছিল নদীটি। ক্ষয়ে যাওয়া বনের মতই সেও মরে যাচ্ছে ধীরে ধীরে।

তুই এখানে? কারো ডাকে সে সংবিত ফিরে পায়।

তার বন্ধুরা কখন যে এসে পেছনে দাঁড়িয়েছে টের পায়নি। ও তোরা?

বীথি বলে, তোকে খুঁজতেই তো এদিকে আসলাম। কথা নেই বার্তা নেই এখানে চলে এসেছিস। তোকে যদি খুঁজে না পেতাম। এখানে একা একা দাঁড়িয়ে কী দেখছিস?

বনটার অবস্থা দেখেছিস? কেমন করে উজার হয়ে যাচ্ছে। একদম শ্রী নেই। নদীটার ওদিকে তাকিয়ে দেখ। মাঝে মাঝে বন কেটে ফসলের জমি করা হচ্ছে, কলকারখানা করা হচ্ছে। শালবনের সারা শরীর যেন ক্ষতবিক্ষত আর রক্তাক্ত। জানিস, আমি এখানে দাঁড়িয়ে বনের কান্না শুনতে পাচ্ছিলাম। কী আজগুবি কথা। বন আবার কাঁদে কিভাবে?

কাঁদে, কাঁদে। আমি তো স্পষ্ট শুনতে পাচ্ছি। ভালো করে কান পেতে শোন। তোরাও শুনতে পাবি।

আসলাম পিকনিক করতে আর তুই কী হাবিজাবি চিন্তা করছিস। আয় তো আমাদের সাথে। বন নিয়ে যাদের ভাবনা তারা ভাববে। আয় ওদিকে ঘুরতে যাই। বীথি আনিসের হাত ধরে টান দেয়। না তোরা ঘুরতে যা। আমার ভালো লাগছে না। আমি এখানে কিছুক্ষণ দাঁড়িয়ে থাকব।

আনিস তার সিদ্ধান্তে অটল। বন্ধুরা সবাই চেষ্টা করেও নড়াতে পারে না তাকে। বীথি আনিসের সবচেয়ে ভালো বন্ধু। সত্যি বলতে বন্ধুর চেয়েও বেশি। তাই সবাই চলে গেলে সে আনিসের কাছে থাকে। আনিসের হাত ধরে বলে, তোর কী হয়েছে রে? আসার সময় না কত মজা করি আসলি। বনের ভেতর ঢুকতেই দেখি তোর মুড অফ।

তুই ঠিকই ধরেছিস বীথি। আসার সময় খুব আনন্দ নিয়ে এসেছিলাম। কিন্তু শালবনের এই জীর্ণশীর্ণ অবস্থা দেখে মনটা ভীষণ খারাপ হয়ে গেল। হাজার হাজার বছরের পুরনো একটা বনকে এভাবে কেউ ধ্বংস হতে দেয়! এ বন ধ্বংস হলে আর কি ফিরে পাওয়া যাবে? সরকারের কর্তব্যজিরাও নিশ্চয় এখানে পিকনিক করতে আসে। তাদের কারো কি এসব চোখে পড়ে না? তারা কি অন্ধ? অথচ আমাদের পাশের দেশ ভারতে বনভূমিকে কত যত্ন করে রক্ষা করা হয়

তোর কথা বুঝতে পারছি আনিস। কিন্তু সরকার যদি দেশের সম্পদ রক্ষা না করে তাহলে আমরা কী করতে পারি? আমাদের তো কোনো ক্ষমতা নেই।

আমার কী মনে হয় জানিস? যেভাবে দখল হয়ে যাচ্ছে, খুব তাড়াতাড়ি এই বন সম্পূর্ণ ধ্বংস হয়ে যাবে। তার বদলে দেখা যাবে কলকারখানা আর অফিস আদালত। তখন মানুষ গল্প করবে, এইখানে একসময় শালবন ছিল। ভাবতে পারছিস অবস্থাটা?

আমরা এসেছি আনন্দ করতে, আর তুই কী সব ভাবনা শুরু করেছিস। মাত্র কদিন দেশে আছি আমরা। তার-পর ফিরে যাব বৃটেনে। আবার পড়াশুনায় ডুবে যেতে হবে। এসব ভেবে আজকের দিনটা কেন নষ্ট করছিস?

কিন্তু শালবন রক্ষার জন্য আমরা কি কিছুই বরতে পারি না?

এখন আয় তো আমার সাথে। বাসায় গিয়ে এসব ভাবা যাবে। বাকী সবাই কোথায় গিয়েছে কে জানে!

বীথি একরকম জোর করেই আনিসকে সাথে নিয়ে যায়।

পিকনিক থেকে ফিরতে সন্ধ্যা পেরিয়ে রাত হয়ে যায়। বাসায় গিয়ে ফ্রেস হয়ে আনিস বিছানায় গা এলিয়ে দেয়। আজকের দিনটা তার বেশ ভালোই কেটেছে। বনের ভেতর বন্ধুবান্ধবীদের সাথে ইচ্ছা মতো ঘুরে

বেড়িয়েছে, ছবি তুলেছে, গল্প করেছে। আরও ভালো লাগত যদি বনটাকে অক্ষত অবস্থায় দেখতে পারত। আনিসের ঘুম ভাঙে অনেক দেরিতে। সারাদিনের ক্লান্তির ফলে ভালো ঘুম হয়েছে। ঘুম থেকে ওঠেই সেলফোনের দিকে তাকায় সে। দেখে আটটা বাজে। বীথি এর মধ্যেই কল দিয়েছে একবার। সে বাথরুম থেকে ফ্রেস হয়ে এসে ভাবে, আচ্ছা, শালবন রক্ষার জন্য কিছু করা যায় না? তার ইউকে যাওয়ার এখনো দুসপ্তাহ বাকি আছে। সে ভাবনায় মশগুল হয়ে থাকে।

পরদিন আনিসকে দেখা গেল একটা প্লাকার্ড হাতে নিয়ে শহীদ মিনারে দাঁড়িয়ে থাকতে। তাতে লেখা-রাস্তা দিয়ে প্রতিদিনের মতো হাজারো মানুষ যায়। তারা একনজর তাকিয়ে দেখে আনিসের দিকে। দুএকজন পড়ার চেষ্টা করে প্লাকার্ড এর লেখাটা। কিন্তু কেউ এসে তার পাশে দাঁড়ায় না। সময় গড়িয়ে যায়। আনিস একাই দাঁড়িয়ে থাকে প্লাকার্ড নিয়ে।

অনেকক্ষণ পর তার পাশে একজনকে দেখা যায়। তাকে দেখেই আনিসের মুখে হাসি ফুটে ওঠে। সে হলো বীথি। আনিসের মনের শক্তি অনেক বেড়ে যায়। কেউ আসুক বা না আসুক। তারা দুজনেই সরকারের দৃষ্টি আকর্ষণ করে যাবে। শালবনকে এভাবে মরতে দেয়া যায় না।

তার পরে দেখা গেল আরও কয়েকজনকে তাদের সাথে যোগ দিতে- রাতুল, শ্যামল, তন্দ্ৰাসহ আনিসের বন্ধুরা। তারপর দৃশ্যপট দ্রুত পাল্টে যায়। দেখতে দেখতে রাস্তা দিয়ে চলমান অনেকেই তাদের সাথে এসে দাঁড়ায়। তাদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীই বেশি। তারও কিছুক্ষণ পর সবাইকে চমকে দিয়ে যিনি এসে দাঁড়ান তাকে দেখে আনিস চমকে ওঠে। সবার

ভালোবাসার পাত্র দেশের খ্যাতিমান লেখক জাবেদ ইকবাল এই প্রতিবাদে যোগ দেবেন এতটা সে আশা করেনি। মুহুর্তে লোকে লোকারণ্য হয়ে ওঠে শহীদ মিনার এলাকা। বিশ্ববিদ্যালয়ের কয়েকজন অধ্যাপকও যোগ দেন প্রতিবাদে। হাজির হয় বিভিন্ন টেলিভিশন চ্যানেলের সাংবাদিক। আনিস ও জাবেদ ইকবালের সাক্ষাৎকার নেয় তারা। খুব দ্রুতই প্রচার হয় তা বিভিন্ন চ্যানেলে।


আনিসের বাবা অফিসে বসেই সে খবর দেখতে পান। নিজের ছেলেকে প্রতিবাদ মিছিলে দেখে তাঁর বুক কেঁপে ওঠে। দেশের হানাহানি মারামারি থেকে দূরে রাখতে তিনি ছেলেকে পাঠালেন বিদেশে পড়তে। আর সে কি না দেশে বেড়াতে এসে এসব ঝামেলায় জড়াচ্ছে। চিন্তিত মুখে তিনি ফোন দেন ছেলেকে। রিং হয় কিন্তু ফোন ধরে না। কয়েকবার চেষ্টার পর পাওয়া যায় আনিসকে। তিনি উদ্বিগ্ন কণ্ঠে জিজ্ঞেস করেন, আনিস তুই এসব কী করছিস? আমাকে তো বলিসনি একবারও। এসব ঝামেলায় কেন জড়াচ্ছিস? দেশে কি লোকের অভাব আছে এসব করার? তাড়াতাড়ি বাসায় চলে আয়।

আনিসের তখন কথা বলার মত অবস্থা নেই। বন্ধুরাসহ অনেকেই তাকে ক্রমাগত ধন্যবাদ দিচ্ছে। কয়েক-মুহুর্তের চিন্তা যে এমন ফল দেবে সে ভাবতেই পারেনি। আনন্দাশ্রুতে তার চোখ ভিজ়ে যায়। সে শুধু ধীর কণ্ঠে বলে, হ্যাঁ বাবা, আমি বাসায় আসছি।











# নদী ও প্রকৃতি

## ইফতেখার জাহান

প্রায় ৫০ হাজারের বেশি বাঁধ সারা বিশ্বের শতকরা ৬০ ভাগ নদীকে, নদীর গতিপথকে বিনষ্ট করছে, এই বিশাল প্রকৌশল কর্মযজ্ঞ ধ্বংসাত্মক পরিস্থিতির সৃষ্টি করছে। বৃহৎ বাঁধ নানা প্রজাতির প্রাণীদের নির্বংশ করছে, বাস্তুসংস্থান ক্ষতিগ্রস্ত হচ্ছে, বিলুপ্ত প্রায় প্রাণী হুমকির মুখে পড়ছে, বিশাল জলাভূমি, বন ও কৃষি জমিতে লবনাক্ততা ও বন্যা বৃদ্ধি পাচ্ছে। লক্ষ লক্ষ মানুষকে বাস্তুহীন করছে এবং বাঁধের ভাঁটাতে অবস্থানরত প্রায় ৫০ কোটি মানুষকে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত করছে। তেমনি ভাবেই বাংলাদেশে এই ক্ষতির পরিমাণ তুলনামূলক বেশি, ভৌগোলিক অবস্থান এর জন্যে বিশেষভাবে দায়ী। দক্ষিণ এশিয়ার অন্তর্গত বাংলাদেশ একটি নদীমাতৃক দেশ। শাখা-প্রশাখাসহ প্রায় ৩১০ টি নদ-নদী বিপুল জলরাশি নিম্নে ২৪,১৪০ কিলোমিটার জায়গা দখল করে দেশের মধ্য দিয়ে প্রবাহিত হয়েছে। বাংলাদেশের অধিকাংশ এলাকাই শত শত নদীর মাধ্যমে বয়ে আসা পলি মাটি জমে তৈরি হয়েছে। নদীমাতৃক বাংলাদেশে অসংখ্য নদনদীর মধ্যে অনেকগুলো আকার এবং গুরুত্ব বিশাল। এসব নদীকে বড় নদী হিসেবে উল্লেখ করা হয়। বৃহৎ নদী হিসেবে কয়েকটিকে উল্লেখ করা যায় এমন নদীসমূহ হচ্ছে: পদ্মা, মেঘনা, যমুনা, ব্রহ্মপুত্র, কর্ণফুলি, শীতলক্ষ্যা, গোমতী ইত্যাদি। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বা "পাউবো" বাংলাদেশের নদীগুলোকে সংখ্যাবদ্ধ করেছে এবং প্রতিটি নদীর একটি পরিচিতি নম্বর দিয়েছে। পরিবর্তন হচ্ছে, স্রোতের গতিহ্রাস পাচ্ছে, নির্মাণ স্থানে নদী ভরাটের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। এর ফলে তাদের হিসাব অনুযায়ী বাংলাদেশে নদীর সংখ্যা এখন ৪০৫ টি।

বিশাল সংখ্যার এই নদ-নদীতে মানুষের যাতায়াতের সুবিধার জন্যে গড়ে উঠেছে ছোট-বড় অনেক সেতু, ব্রীজ বা পুল। অধিকাংশ এই সেতু, ব্রীজ বা পুল নির্মাণশৈলীর ত্রুটির কারণে নদীর গতিপথ বঙ্গোপসাগরের জোয়ার-ভাটার টানে সাগর থেকে আসে লোনা পানি। এই লোনা পানিকে বাংলাদেশের অভ্যন্তরে আসা প্রতিরোধ করে উজান থেকে আসা নদ-নদীগুলোর মিঠা পানি। বাংলাদেশের প্রায় সব নদ-নদীর প্রবাহের মূল উৎস সীমান্ত নদী। উজান থেকে নেমে আসা আকস্মিক পাহাড়ি ঢলে তলিয়ে গেছে হাজার হাজার একর জমির ফসল। ফারক্সা বাঁধের প্রভাবে এ শুকনো মৌসুমে গঙ্গা অববাহিকার নদ-নদী খালবিলগুলো শুকিয়ে গেছে। প্রবাহশূন্য হয়ে পড়েছে মহানন্দা, গড়াই, মাথাভাঙ্গা, বেতনা, ভৈরব, কপোতাক্ষ, ইছামতির মতো বড় বড় নদীগুলো। মিঠাপানির অভাবে হুমকিতে পড়েছে সুন্দরবন। লবণাক্ততা মারাত্মকভাবে বেড়ে গেছে সুন্দরবনসহ দেশের উপকূলীয় অঞ্চলে। এছাড়াও তিস্তা উত্তরবঙ্গের প্রধান নদী প্রবাহ যা ভারতের সিকিমে উৎপত্তি এবং বাংলাদেশে ব্রহ্মপুত্র-যমুনায় মিলেছে। বর্তমানে নীলফামারী, লালমনিরহাট ও রংপুর অঞ্চলে শুষ্ক মৌসুমে নাব্যতাহীন ও পানিশূন্যতা ব্যাপক দুর্বিষহ অবস্থা সৃষ্টি করেছে। তিস্তার পানি প্রবাহ শুষ্ক মৌসুমে সেচকাজের জন্য ভারতের গজলডোবায় ভারত সরকার দ্বারা ব্যারেজ নির্মাণপূর্বক বাংলাদেশের অংশে প্রবাহ বন্ধ করে দেয়ায় এই ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে। উপরন্তু তিস্তা বন্যা প্রবণ নদী হওয়ার কারণে বর্ষাকালে বাংলাদেশের এই অঞ্চল প্রবল বন্যার কবলে পড়ছে।

অপরদিকে, ব্রহ্মপুত্র-যমুনা অববাহিকার প্রধান নদী ব্রহ্মপুত্রে এখন পর্যন্ত কোনো বাঁধ নেই। কিন্তু শুকনো মৌসুমে চীন ও ভারত অসংখ্য পাম্প বসিয়ে এই নদীর পানি টেনে নেয়। ফলে শুষ্ক মৌসুমে পানি প্রবাহ কমে আসে ব্রহ্মপুত্র ও যমুনাতে। কাপ্তাই লেকের পানি কমতে থাকায় ও অবৈধ দখলের কারণে হুমকিতে পড়েছে কর্ণফুলী। এসব নদীর উজানে বাধার কারণে বিপর্যয় নেমে এসেছে ভাটি অঞ্চলে।

নদীগুলোর দু'পাশেই গড়ে উঠেছে সহস্র নগর ও বন্দর। চিত্রা নদীর দিকে তাকালে তার সেই প্রবাহময়তা আর দেখা যায় না। বিভিন্ন কারণে তার আজ অতীব দরিদ্র দশা, যার মধ্যে মনুষ্য সৃষ্ট কারণ বিশেষভাবে উল্লেখযোগ্য। পানির অভাবে বাংলাদেশের অধিকাংশ নদ-নদী মরে যাচ্ছে। বর্ষায় নদীগুলোতে পলি পড়ে ভরাট হচ্ছে। নাব্যতা হারানোর ফলে দেখা দিচ্ছে বন্যা। অধিকাংশ নদ-নদী শুকিয়ে যাওয়ায় মারাত্মক বিপর্যয় সৃষ্টি হয়েছে দেশের শিল্প-বাণিজ্য, কৃষি, মৎস্য সম্পদ, নৌপরিহন ও আবহাওয়া-পরিবেশে। বর্তমানে বাংলাদেশের ছোট বড় বেশির ভাগ ব্রীজ কিংবা পুল নির্মাণের সময় প্রথমত নদী বা খালের উভয়পাশে মাটি অথবা বালু দিয়ে ভরাট করা হয়। এই কারণে ব্রিজ নির্মাণের ব্যয় কমলেও, নদী অধিক ক্ষতিগ্রস্ত হয়। নদীর প্রশস্ততা কমতে থাকে। ব্রীজ পার্শ্ববর্তী স্থানে দোকান-পাট, বিভিন্ন কাজের জন্যে বিল্ডিং নির্মাণের প্রবণতা বৃদ্ধি, একই সাথে দূষণের পরিমাণ বাড়ে। এরমধ্যে পলিথিন, হাসপাতালের বর্জ্য সর্বাধিক। ফলত, নদীর পানি দূষণের কারণে জলজ বাস্তুসংস্থান বিনষ্ট, সুপেয় পানির অভাব ও নানাবিধ জলজ প্রাণী হুমকি প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে।

উক্ত সমস্যা নিরসনের প্রথম ও প্রধান ধাপ হল সচেতনতা বৃদ্ধি। এছাড়াও সরকার কর্তৃক আইন প্রণয়ন, ব্রীজ কিংবা পুল নির্মাণে অবকাঠামোগত পরিবর্তন (নদীর প্রশস্ততার চেয়ে ব্রীজ কিংবা পুলের দীর্ঘ্য বৃদ্ধি নিশ্চিতকরণ), নদী তীরবর্তী স্থান হতে নিরাপদ দূরত্বে অবকাঠামো নির্মাণের আইন জারি ও পলিথিনের পরিপূরক ব্যবহারে সচেতনতা বৃদ্ধি এবং পলিথিন নিষিদ্ধকরণের মাধ্যমে নদী সম্পদকে রক্ষা করা সম্ভব হবে।





Photo Credit @ Rifat Nasrullah



